# ইন্টার্নশিপ প্রোগ্রামের গাইডলাইন ২০২১

**বাংলাদেশ ট্যুরিজম বোর্ড**
(জাতীয় পর্যটন সংস্থা)
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

## ১. প্রস্তাবনাঃ

ইন্টার্নশিপ বলতে কোন কোম্পানি বা প্রতিষ্ঠানে সংযুক্ত থেকে শিক্ষার্থীদের স্বল্পমেয়াদী কাজের অভিজ্ঞতা অর্জনকে বুঝায়। বাংলাদেশে ব্যাচেলর ডিগ্রি অর্জনের জন্য ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের জন্য ইন্টার্নশিপ প্রোগ্রাম বাধ্যতামূলক। শিক্ষার্থীদের বাস্তব পরিবেশে কাজ করতে হয় বিধায় এটি একটি অভিজ্ঞতা অর্জনের মাধ্যম হিসেবে বিবেচিত হয়ে থাকে। এটি হাতে কলমে প্রশিক্ষণ নামেও পরিচিত যার মাধ্যমে অভিজ্ঞতা থেকে শিক্ষা এবং কাজের মাধ্যমে শিক্ষা অর্জন করা হয়। পর্যটন ও আতিথেয়তা শিল্পের প্রশিক্ষিত মানবসম্পদ গড়ে তোলার ক্ষেত্রে ইন্টার্নশিপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালান করে। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি) ট্যুরিজম এবং হসপিটালিটি বিভাগের ডিপ্লোমা/স্নাতক/মাস্টার্স প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য সীমিত আকারে ইন্টার্নশিপ প্রোগ্রামের আয়োজন করে। ইন্টার্নশিপ প্রোগ্রামের কার্যকরী পরিচালনার জন্য উপযুক্ত নির্দেশিকা প্রয়োজন। "ইন্টার্নশিপ প্রোগ্রামের গাইডলাইন" -এ ইন্টার্নশিপ প্রোগ্রাম পরিচালনা এবং এর সফল বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম ও পদ্ধতির বর্ণনা দেয়া আছে।

## ২. প্রাসঙ্গিক সংজ্ঞাসমূহঃ

**২.১. ইন্টার্নশিপ প্রোগ্রাম:** “ইন্টার্নশিপ প্রোগ্রাম” বলতে কিছু আর্থিক প্রণোদনাসহ একটি নির্দিষ্ট সময়ের জন্য শিক্ষার্থীদের ব্যবহারিক কাজের অভিজ্ঞতা অর্জনের জন্য যে কোন সেক্টরের যে কোনো সংস্থার অধীনে চাকরির ন্যায় হাতে-কলমে প্রায়োগিক প্রশিক্ষণ প্রদান বা গ্রহণকে বোঝায়।

**২.২. ট্যুরিজম ইন্টার্নী:** “ট্যুরিজম ইন্টার্নী” বলতে সেই ছাত্রদের বোঝায় যারা পর্যটন এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট থেকে স্নাতক সম্পন্ন করার অংশ হিসেবে পর্যটন খাতের যেকোন সংস্থায় নিয়োগ বা সংযুক্ত থেকে হাতে-কলমে প্রশিক্ষণ বা অভিজ্ঞতা নিয়ে থাকে।

## ৩. উদ্দেশ্যঃ

৩.১ শিক্ষার্থীদের আতিথেয়তা এবং পর্যটন খাতে কাজ করার প্রয়োজনীয় অভিজ্ঞতা অর্জন করতে সক্ষম করা, যা তাদের অর্জিত তাত্ত্বিক জ্ঞানের পরিপূরক হবে।

৩.২. উপযুক্ত কর্মপরিবেশে শিক্ষার্থীদের ব্যবহারিক এবং ব্যবস্থাপনাগত জ্ঞান ও দক্ষতা অর্জনপূর্বক এর বিকাশ ও প্রয়োগ করতে সক্ষম হওয়া।

৩.৩ শিক্ষার্থীদের শিখন পদ্ধতিকে সমৃদ্ধ এবং উন্নত করার পাশাপাশি তাদের পেশাদারভাবে বিকশিত করার জন্য তথ্য সংগ্রহ এবং অভিজ্ঞতা অর্জন করতে সক্ষম করা।

৩.৪. শিক্ষার্থীদের কর্মজীবনের লক্ষ্য অর্জনে সঠিক রোডম্যাপ তৈরি এবং সিদ্ধান্ত গ্রহণ এবং সে অনুযায়ী পরিচালিত হওয়ার বিষয়ে সহায়তা করা।

৩.৫. ভবিষ্যত কর্মসংস্থান/ব্যবসায়িক সুযোগের জন্য নেটওয়ার্ক এবং প্রয়োজনীয় যোগাযোগ স্থাপনে সহায়তা করা।

৩.৬. প্রতিষ্ঠানের চাহিদার সাথে ইন্টার্নীর শেখার লক্ষ্যসমূহের মধ্যে সমন্বয় সাধন করা।

৩.৭. ট্যুরিজম এবং হসপিটালিটি খাতের বিভিন্ন সমস্যা/চ্যালেঞ্জ চিহ্নিতকরণ ও সমস্যা সমাধানের উপায় সম্পর্কে পরামর্শ গ্রহণ করা।

## ৪. ইন্টার্নশিপ প্রোগ্রামের নির্দেশিকা:

একটি কার্যকর ও সফল ইন্টার্নশিপ প্রোগ্রাম বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশসমূহ অনুসরণ করাঃ

ক. বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর ওয়েবসাইটে ইন্টার্নশিপ প্রোগ্রামের গাইডলাইন ও বিস্তারিত তথ্যসহ একটি মেনু বার তৈরি।

খ. ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণের আবেদন করার জন্য একটি নির্ধারিত ফরম ওয়েবসাইটে প্রদান করা।

গ. বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক প্রতি বছর সোশ্যাল মিডিয়া এবং অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ইন্টার্নশিপ প্রোগ্রামের জন্য আবেদন আহ্বান করা।

ঘ. ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণের আবেদনের সাথে আবেদনকারীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র বা প্রাতিষ্ঠান প্রধানের/ বিভাগীয় প্রধানের পত্র এবং ইন্টার্ন প্রার্থীর এনআইডিসহ অন্যান্য ডকুমেন্ট আবশ্যিকভাবে আবেদনের সাথে জমা প্রদান করা।

ঙ. ডিপার্টমেন্ট অ্যাটাচমেন্টে ইন্টার্নদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক বেসরকারী এবং সরকারী সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা বা সংলাপের আয়োজন করা।

চ. বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক প্রতি বছর ইন্টার্নশিপ প্রোগ্রামের উক্ত বছরের সময়সূচী, কর্মপরিকল্পনা **(পরিশিষ্ট-১)** এবং বাজেট প্রস্তুত, অনুমোদন এবং বাস্তবায়ন করা।

## ৫. ইন্টার্নশিপ প্রোগ্রামের সময়কাল এবং ইন্টার্নীর সংখ্যা:

ইন্টার্নশিপ প্রোগ্রামের মেয়াদ সর্বোচ্চ ১২ সপ্তাহ (৩ মাস)। বাছাই কমিটির সুপারিশের আলোকে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক উক্ত বছরের ইন্টার্নীর সংখ্যা নির্ধারণ করা।

## ৬. ইন্টার্নশিপ প্রোগ্রামের সুবিধাভোগী:

ট্যুরিজম এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট-এ ডিপ্লোমা/ব্যাচেলর/মাস্টার্স ডিগ্রি প্রদানকারী কলেজ এবং ইনস্টিটিউটসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী।

## ৭. ইন্টার্ন প্রোগ্রাম এর সুবিধাসমূহ:

ইন্টার্নশিপ প্রোগ্রামের শিক্ষার্থীরা বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ পাবে। ইন্টার্নশিপ প্রোগ্রামের অন্যান্য সুবিধাসমূহ নিম্নরূপঃ

ক. বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক আয়োজিত এক সপ্তাহব্যাপী ওরিয়েন্টেশন ট্রেনিং প্রোগ্রামে অংশগ্রহণ;

খ. বাংলাদেশের ট্যুরিজম বোর্ডের বিভিন্ন শাখায় সংযুক্ত থেকে এর কার্যক্রম সম্পর্কে বাস্তব জ্ঞান ও অর্জন;

গ. সরকারি, বেসরকারি এবং আন্তর্জাতিক সংস্থা ও বিশ্ববিদ্যালয়ে সংযুক্ত কর্মসূচিতে অংশগ্রহণ;

ঘ. বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক নির্ধারিত বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করা;

চ. সফলভাবে ইন্টার্ণশিপ সম্পন্ন করার জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ড সার্টিফিকেট প্রদান;

ছ. বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক প্রদত্ত অন্যান্য সুবিধা।

## ৮. ইন্টার্নশিপ প্রোগ্রামের অংশগ্রহণের যোগ্যতা:

বিশ্ববিদ্যালয়/কলেজের ট্যুরিজম ও হসপিটালিটি ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থীরা ইন্টার্নশিপ প্রোগ্রামের জন্য নিম্নবর্ণিত শর্তে যোগ্য বলে বিবেচিত হবে:

ক. অনুমোদিত কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম ও হসপিটালিটি ব্যবস্থাপনা বিভাগের ডিপ্লোমা/ব্যাচেলর/মাস্টার্স প্রোগ্রামের শেষ সেমিস্টারে অধ্যয়নরত শিক্ষার্থীরা এই সুবিধার জন্য আবেদন করার যোগ্য হবেন;

খ. পাঠ্যক্রমের বর্হিভুত কার্যক্রমে অংশগহণের সনদপত্র এ প্রোগ্রামের জন্য অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

## ৯. আবেদনপত্র দাখিল করার পদ্ধতি:

আবেদন করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত নিয়মসমূহ অনুসরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গন্য হবে।

ক. ইচ্ছুক শিক্ষার্থীকে একটি নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট প্রাতিষ্ঠান প্রধানের/ বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্রসহ প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর নিকট আবেদন করতে হবে;

খ. একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র বা প্রাতিষ্ঠান প্রধানের/ বিভাগীয় প্রধানের পত্র এবং প্রার্থীর এনআইডিসহ অন্যান্য চাহিত ডকুমেন্ট আবশ্যিকভাবে আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

## ১০. প্রার্থী বাছাই পদ্ধতি:

ইন্টার্নশিপ প্রোগ্রামের শিক্ষার্থী নির্বাচন করার নিমিত্ত গঠিত বাছাই কমিটি **(পরিশিষ্ট-২)** কর্তৃক নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করা হবে:

ক. তালিকা চূড়ান্ত করার জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক বাছাই কমিটি গঠন করা;

খ. বাছাই কমিটি কর্তৃক প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করে সুপারিশ প্রদান করা;

গ. বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড চুড়ান্ত তালিকা প্রকাশ করা।

## ১১. শাখা/বিভাগ ভিত্তিক সংযুক্তি:

ক. বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ইন্টার্নীদের তত্ত্বাবধান ও পরামর্শ দেওয়ার জন্য একটি “মেন্টর” নির্ধারণ করা (পরিশিষ্ট-৩)। মেন্টর/মেন্টরগণের দায়িত্ব নিম্নরুপঃ

ক. ইন্টার্নদের দ্বায়দায়িত্ব নির্ধারণ, কর্মসূচী ও কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ, বিটিবি’র প্রধান নির্বাহী অফিসারের অনুমোদনের জন্য উপস্থাপন ও বাস্তবায়নে সহযোগিতা করা।
খ. ইন্টার্নশীপের বিষয়বস্তু, প্রবলেম স্টেটমেন্ট নির্ধারণ করা।
গ. তথ্য সংগ্রহ পদ্ধতি (ম্যাথডোলজি) নির্ধারণ করা।
ঘ. ইন্টার্নদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা।
ঙ. ইন্টার্নদের সাথে নির্ধারিত সভা/আলোচনা করা।
চ. সংযুক্ত শাখা ও সরকারি-বেসরকারি সংস্থার সাথে সমন্বয় সাধন করা।
ছ. ইন্টার্নদের প্রতিবেদন তৈরিতে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও সহায়তা প্রদান।
জ. ইন্টার্নদের মূল্যায়ন করা ও বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী অফিসারের নিকট উপস্থাপন করা।

## ১২. ইন্টার্নীর ভূমিকা এবং দায়িত্ব

ইন্টার্নশিপ প্রোগ্রামের শিক্ষার্থীগণ ইন্টার্নশিপ সময়কালে নিম্নলিখিত কাজগুলি সম্পন্ন করবেঃ

ক. ইন্টার্নশিপ চলাকালীন বিভিন্ন দপ্তরের সাথে সংযুক্তির পর প্রতিবেদন প্রস্তুত করে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে দাখিল করবে;

খ. ইন্টার্নশিপ সমাপ্তির এক মাসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে দাখিল করবে;

গ. আবশ্যিকভাবে নির্ধারিত সময়ের জন্য ইন্টার্নশিপ সম্পাদন করা এবং ইন্টার্নশিপ সময়কালে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড-এর নির্দেশনা ও সরকারের প্রচলিত নিয়ম কানুন অনুসরণ করা।

## ১৩. তহবিল এবং বাজেট:

ইন্টার্নশিপ প্রোগ্রামের সকল খরচ বাংলাদেশ ট্যুরিজম বোর্ড বহন করবে। বাছাই কমিটি এবং মেন্টর/মেন্টরগণ বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক নির্ধারিত সম্মানী প্রাপ্য হবেন।

## ১৪. অংশীদারিত্ব:

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড পর্যটন শিল্পের সরকারি ও বেসরকারি অংশীজনের সাথে সহ-অংশীদারিত্ব ও সহ-অর্থায়নের ভিত্তিতে ইন্টার্নশিপ প্রোগ্রাম বাস্তবায়ন করতে পারবে।

## ১৫. পরিসমাপ্তি, পরিবর্তন ইত্যাদি:

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এ কর্মসূচির উদ্দেশ্য বাস্তবায়নের জন্য যে কোনও নির্দেশনা যুক্ত করার, সমন্বয় করার, সংশোধন করার, উন্নতি করার, এমনকি গাইডলাইনটি পরিসমাপ্তির অধিকার সংরক্ষণ করে।

**পরিশিষ্ট-১**

কার্যক্রমের সময়সূচী এবং কাজের পরিকল্পনার রূপরেখা (প্রমাণযোগ্য):

| ক্রমিক নং | কার্যক্রম/কর্মসূচী | বাস্তবায়নকারী | সময় (৯০ দিন) |
|---|---|---|---|
| ০১ | বিটিবি ওয়েবসাইট এবং সোশ্যাল মিডিয়ার মাধ্যমে ইন্টার্নশিপ প্রোগ্রামের জন্য আবেদন আহ্বান | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | |
| ০২ | আবেদন গ্রহণ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | |
| ০৩ | আবেদন খোলা এবং আবেদন খোলার প্রতিবেদন দাখিল | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | |
| ০৪ | আবেদন বাছাই এবং প্রাথমিক স্ক্রীনিং, প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ এবং প্রার্থী নির্বাচন | বাছাই কমিটি | |
| ০৫ | ওরিয়েন্টেশন/ব্রীফিং সেশন | বিটিবি ও বাছাই কমিটি | |
| ০৬ | ইন্টার্নশিপের বিষয় নির্ধারণ, মেন্টরশিপ এবং দায়িত্ব অর্পণ | মেন্টর/ মেন্টরগণ ও ইন্টার্ন | |
| ০৭ | বিটিবি'র বিভিন্ন শাখায় সংযুক্তি এবং হাতে কলমে শিখন ও অভিজ্ঞতা অর্জন | বিটিবি'র শাখা প্রধান এবং মেন্টর কমিটি | |
| ০৮ | বিভাগীয় সংযুক্তি (সরকারি প্রতিষ্ঠান) | প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ট্যুরিস্ট পুলিশ, বনবিভাগ, পরিবেশ অধিদপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, ডিএসবি পুলিশ, সরকারি হোটেল, প্রশিক্ষণ ইন্সটিটিউশন, বাংলাদেশ বিমান ইত্যাদি। | |
| ০৯ | বিভাগীয় সংযুক্তি (বেসরকারি প্রতিষ্ঠান) | TOAB (Tour Operator Association of Bangladesh), প্রাইভেট এয়ারলাইন্স, হোটেল-মোটেল, Bangladesh Association of amusement parks and attractions (BAAPA), অন্যান্য | |
| ১০ | আন্তর্জাতিক সংস্থার সাথে সংযুক্তি | United Nations Development Programme (UNDP) | |
| ১১ | প্রতিবেদন লেখা এবং উপস্থাপনা | ইন্টার্নী এবং মেন্টর কমিটি | |
| ১২ | সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | |

# পরিশিষ্ট-২

**বাছাই কমিটি গঠনঃ**

| ক্রমিক নং | কমিটি | কমিটির সদস্যগণের পরিচিতি |
|---|---|---|
| ০১ | পরিচালক, বিপণন, পরিকল্পনা, জনসংযোগ, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড। | আহ্বায়ক/চেয়ারম্যান |
| ০২ | প্রতিনিধি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| ০৩ | প্রাইভেট স্টেক হোল্ডারদের প্রতিনিধি | সদস্য |
| ০৪ | একজন স্বনামধন্য শিক্ষাবিদ/গবেষক | সদস্য |
| ০৫ | উপ-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড। | সদস্য সচিব |

# পরিশিষ্ট-৩

**মেন্টরশীপ প্যানেল গঠনঃ**

| ক্রমিক নং | কমিটি | সংখ্যা |
|---|---|---|
| ০১ | উপ-পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড। | ১ জন |
| ০২ | ট্যুরিজম ও হসপিটালিটি ব্যবস্থাপনা বিষয়ে বিশেষজ্ঞ (শিক্ষাবিদ/প্রেক্টিশানার/ গবেষক) | ২ জন |